

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৮০০

১/ বিবিধ

আরবী

إن الله خلق الجنة بيضاء، وإن أحب الزي إلى الله عز وجل البياض، فألبسوها
أحياءكم، وكفنوها موتاكم، ثم جمع الرعاء، فقال: من كان فيكم ذا غنم سود فليخلطها
ببيض
موضوع

رواه أبو جعفر البخاري في " ستة مجالس " (115 / 1 - 2) وأبو نعيم في " صفة
الجنة " (ق 20 / 2) عن هشام بن أبي هشام قال: أخبرنا عبد الرحمن بن حبيب مولى
بني مخزوم عن عطاء بن أبي رباح عن ابن عباس مرفوعا
قلت: وهذا إسناد ضعيف جدا عبد الرحمن بن حبيب هو ابن أدرك، قال النسائي:
منكر الحديث، وذكره ابن حبان في " الثقات ". وفي " الميزان ": " صدوق، وله ما
ينكر ". وهشام بن أبي هشام هو ابن زياد متفق على تضعيفه. وقال ابن معين
والنسائي: " ليس بثقة
وقال ابن حبان: " يروي الموضوعات عن الثقات ". والحديث أورده السيوطي في "
الجامع الصغير " من رواية البزار عن ابن عباس دون قوله: " فألبسوها إلخ " فقال
المنائوي: " قال الهيثمي عقب عزوه للبزار: " فيه هشام بن زياد وهو متروك ". وظاهر
حال المصنف أنه لم يره مخرجا لأحد من الستة وإلا لما عدل عنه، وإنه لشيء عجاب،
فقد خرج ابن ماجه عن ابن عباس المذكور بلفظ: " إن الله خلق الجنة بيضاء،
وأحب الزي إليه البياض فليلبسها أحياءكم، وكفنوا فيها موتاكم

انتهى بلفظه ". قلت: وأنا في شك كبير من وجود هذا الحديث في " سنن ابن ماجه "
 فقد راجعته في مظانه: " الجنائز "، و" اللباس " و" صفة الجنة " فلم أجده، ويؤيده أنه
 ليس في مسند ابن العباس من " ذخائر المواريث " للنبلسي، ولا في أصله " تحفة
 الأشراف " للحافظ المزني، ولا في فهرست ابن ماجه الذي وضعه محمد عبد الباقي
 في آخر " السنن " التي قام هو على تحقيقها. ولم يعزه لابن ماجه ابن القيم في " حادي
 الأرواح " (1 / 218 - 219)، ولا دل على شيء منه كتاب " المعجم المفهرس لألفاظ
 الحديث " للمستشرقين. والله أعلم. ثم رأيت الحديث في " زوائد مسند البزار (ص
 170) من طريق هشام أبي المقدام عن حبيب بن الشهيد عن عطاء به. وقال الهيثمي
 عقبه: " هشام ضعيف متروك
 ثم أخرجه أبو نعيم عن أبي شهاب عن حمزة عن عمرو بن دينار عن ابن عباس نحوه،
 وحمزة هذا هو ابن أبي حمزة الجعفي النصيبي قال الحافظ: " متروك متهم بالوضع

বাংলা

৮০০। আল্লাহ তা'আলা জান্নাতকে সাদা করে সৃষ্টি করেছেন। আর আল্লাহর নিকট সর্বোত্তম পোশাক হচ্ছে সাদা।
 অতএব তোমরা তোমাদের জীবিতদেরকে সাদা পোশাক পরিধান করাও আর তোমাদের মৃত ব্যক্তিদেরকে তা দ্বারা
 কাফন পরীও। অতঃপর রাখালদেরকে একত্রিত করে বললেনঃ তোমাদের মধ্যে যে কালো ছাগল দলের মালিক সে
 যেন সেগুলোকে সাদা দ্বারা মিশ্রিত করে।

হাদীছটি জাল।

এটি আবু জাফার আল-বাখতার "সিতাতু মাজালিস" (১১৫/১-২) গ্রন্থে এবং আবু নোয়াইম "সিফাতুল জান্নাহ"
 (কাফ ২/২০) গ্রন্থে হিশাম ইবনু আবী হিশাম হতে তিনি আব্দুর রহমান ইবনু হাবীব হতে তিনি আতা ইবনু আবী
 রাবাহ হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি নিতান্তই দুর্বল। আব্দুর রহমান ইবনু হাবীব হচ্ছেন ইবনু আদরাক। তার
 সম্পর্কে নাসাঈ বলেনঃ তিনি মুনকারুল হাদীছ। ইবনু হিব্বান তাকে "আছ-ছিকাত" গ্রন্থে উল্লেখ করেছেন। অর্থাৎ
 তার নিকট তিনি নির্ভরযোগ্য। "আল-মীযান" গ্রন্থে এসেছেঃ তিনি সত্যবাদী, তবে তার অস্বীকারযোগ্য হাদীছ
 রয়েছে। হিশাম ইবনু আবী হিশাম হচ্ছেন ইবনু যিয়াদ। সকলে তার দুর্বল হওয়ার ব্যাপারে ঐকমত্য। ইবনু মাজিন
 ও নাসাঈ বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন। ইবনু হিব্বান বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে বানোয়াট হাদীছ
 বর্ণনাকারী।

তা সত্ত্বেও সুযূতী হাদীছটি বাযযারের বর্ণনা হতে “আল-জামেউস সাগীর” গ্রন্থে উল্লেখ করেছেন।

বাযযার সূত্রে হিশাম আবুল মিকদাম রয়েছে, তার সম্পর্কে হায়সামী বলেনঃ তিনি দুর্বল, মাতরুক।

হাদীছটি আবু নোয়াইম আবু শিহাব হতে তিনি হামযাহ হতে ... বর্ণনা করেছেন। হামযাহ হচ্ছেন ইবনু আবী হামযাহ আল-জু'ফী আন-নাসীবী। তার সম্পর্কে হাফিয় ইবনু হাজার বলেনঃ তিনি জাল করার দোষে দোষী।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71679>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন